দৈনিক ইত্তেফাক

তারিখ 01 DEC 1991
পৃষ্ঠা ১১ কলাম ৬

165

## সরকারী কলেজ প্রভাষক সমিতির কর্মবিরতি স্থগিত

সরকারী কলেজ প্রভাষক সমিতির ১১ দফা দাবী পর্যায়ক্রমে পূরণের আশ্বাস দেওয়ার প্রেক্ষিতে সমিতির নেতৃবৃন্দ তাহাদের কর্মবিরতি স্থগিত ঘোষণা করিয়াছেন। গতকাল (শনিবার) সমিতির নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার ও শিক্ষা সচিব মীর মুশাফিজুর রহমানের সহিত সাক্ষাৎ করিলে তাহাদের উক্ত আশ্বাস দেওয়া হয়। সমিতির সভাপতি কামাল আতাউর রহমান ও সিনিয়র সহ-সভাপতি মা, ক, মুহম্মদ সানাউল্লাহ'র নেতৃত্বে সমিতির একটি প্রতিনিধিদল শিক্ষামন্ত্রী ও সচিবের সহিত ১১ দফা দাবী নিয়া আলোচনায় মিলিত হন। —বিজ্ঞপ্তি